# GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় সমূহের স্নাতক প্রথম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২০-২০২১

পূর্ণমান: ১০০ ইউনিট B (মানবিক শাখা) সময়: ১ ঘণ্টা

## English-35

**Read the passage below and answer the question that follow: (Question - 1-5)**

Today there nearly 8 billion people living in the world every the number is increasing. Feeding their fast- growing populations is one of the biggest challenges for most countries in Africa and Asia. Scientists, agricultural experts, and planners have to discover new ways to produce more food. One possible way is to bring more land under cultivation. This can be done only in places where there is a lot of land not used for agriculutre. In many countries, however, arable land is scarce and whatever is available is needed for other purposes -for example, expanding cities and settings up industries. A second way is to make use of new types of seeds to produce more food. Already a number of new strains of paddy and wheat have been developed in different parts of the world.

**1. Choose a suitable title for the passage from following options**

A.The problem of global population grwoth
B. How to feed a fast- growing population ✓
C. The new varieties of crops
D.The disappearance of arable lands

ব্যাখ্যাঃ ***Feeding their fast-growing population*** is one of the biggest challenge for most countries in Africa & Asia.

**2. The passsage implies that**

A. there is no scarcity of arable lands in Asia and Africa
B. more land is available for wheat cultivation
C. it is possible to discover new strains of paddy and wheat✓
D. every year, the population of the world is increasing by 8 billion

ব্যাখ্যাঃ The last line indicates it is possible to discover new strains fo paddy and wheat.

**3. In the passage, the word "planners' refers to those connected with**

A. city planning B. land management
C. industrial planning D. agriculture✓

ব্যাখ্যাঃ here planners means who works for agri development so here planner is conncted with agriculture.

**4. According to the passage, an effective way to face the challenge of food shortage is by-**

A. helping agricultural scientists to produce new types of seeds ✓
B. stopping cities from expanding
C. reducing population growth
D. creating more agricultural farms

ব্যাখ্যাঃ Feeding their fast-growing population is one of the biggest challenge for most countries in Africa & Asia. Scientists, agriculture experts, and planners have to discover new ways ***to produce more food.***

**5. The word 'arable' means**

A.arid B.cultivable✓
C. available D.wet

ব্যাখ্যাঃ Arable অর্থ আবাদ যোগ্য জমি। Cultivable অর্থ চাষের যোগ্য জমি।

**Fill in the blanks with appropriate words (question 6-8)**

**6. The policeman asked the victim of a theft, "What did you ——?** *[Short Syllabus]*

A. loose B. lose✓ C.loss D.louse

ব্যাখ্যাঃ Loose- ঢিলা করা, Lose - হারানো, Loss -ক্ষতি, Louse - কুকুর।

**7. He made his children —— their homework every afternoon.** *[Short Syllabus]*

A.doing B.to do C. do✓ D.done

ব্যাখ্যাঃ Causative verb এর নিয়মানুযায়ী (Make + person + verb এর Base form)

**8. I always carry an umbrella in case it ——** *[Short Syllabus]*

A. rain B. rains ✓
C. is raining D. will rain

ব্যাখ্যাঃ in case দ্বারা ভবিষ্যৎ সম্ভাবনা নির্দেশ করে এবং এর পরে Present tense হয়। In case এরপর Subject it থাকায় Verb Singular হবে।

**9. Which is the correct translation of 'যারা অলস, তারা চিরকাল পেছনে পড়ে থাকে'?**

A.Those who are lazy are always at the back.
B.Those who are lazy are always left behind. ✓
C. The lazy ones are always late.
D.Those who are lazy are at the back forever.

ব্যাখ্যাঃ always left behind - পেছনে পড়ে থাকা।



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**Which of the following sentences is correct? (questions 10-11)**

**10.**
A.She accused the man of stealing her phone✓
B.She accused the man for stealing her phone
C. She accused the man by stealing her phone
D.She accused the man to steal her phone

ব্যাখ্যাঃ accused of - দোষারোপ করা

**11.**
A. Amin, as well as Suman, wants to play in the team. ✓
B. Amin, as well as Suman, want to play in the team.
C. Amin, as well as Sumon, both want to play in the team.
D. Amin, as well as Sumon, wanting to play in the team

ব্যাখ্যাঃ As well as, with , along with, together with, including , accompanied by, accompanied with- etc থাকলে ১ম subject অনুযায়ী verb বসে।

**12. Choose the pair that best expresses the relationship similar to the one given in capital letters: TREE: ROOT**
A.Building: Foundation✓ B.Shirt : Sleeve
C. Entrance : Exit D.Engine:Automobile

ব্যাখ্যাঃ **TREE** (গাছ) : **ROOT** (শিকড়)
A. Building (ভবন) : Foundation (ভিত্তি)
B. Shirt (শার্ট) : Sleeve (জামার হাতা)
C. Entrance (প্রবেশদ্বার) : Exit (বাহির)
D. Engine (যন্ত্র) : Automobile (মোটরগাড়ি)

**13. Find the correctly spelt word**
A.Acommodation B.Accomodation
C. Accommodation✓ D.Acomodation

ব্যাখ্যাঃ Accommodation -বাসস্থান

**Choose the correct form of verb (questions 14-17)**

**14. I don't know who——the chair.** *[Short Syllabus]*
A.break B.broke✓ C. breaking D.break

ব্যাখ্যাঃ Present ind + subordinate conjunction+ past indefinite বসে।

**15. My mother ——TV news every night.**
A.is watching B.watched
C. watches✓ D.watch

ব্যাখ্যাঃ Every, daily, usually, occasionally, generally, ever, never etc থাকলে Present Indefinite Tense বসে ।

**16. Himu is not here, he is out —— his uncle.** [Short Syllabus]
A.visited B.visiting✓
C. is vistiting D.visits

ব্যাখ্যাঃ কোন কাজ চলন্ত অবস্থায় আছে বুঝালে Present continuous tense হয়।

**17. I never ——Chumki anymore.** *[Short Syllabus]*
A.See✓ B.seen C. seeing D.was seen

ব্যাখ্যাঃ Every, daily, usually, occasionally, generally, ever, never etc থাকলে Present indefinite Tense বসে ।

**Select the appropriate prepositions: (question 18-21)**

**18. Green tea is a good atlernative —— coffee.** *[Short Syllabus]*
A. for B. to✓ C. then D.of

ব্যাখ্যাঃ alternative to means -বিকল্প

**19. The shops here are open ——— 10 am to 8 pm.** [Short Syllabus]
A.for B.on C. at D.from✓

ব্যাখ্যাঃ হতে বুঝাতে from বসে, আর পর্যন্ত/দিকে বুঝাতে to বসে।

**20. I cannot put —— with his insolence.** *[Short Syllabus]*
A.out B.up✓ C. in D.through

ব্যাখ্যাঃ put up with - সহ্য করা

**21. I ran ——— Nehal at the store.** [Short Syllabus]
A.into✓ B.in C. at D.with

ব্যাখ্যাঃ run into - সাক্ষাৎ করা

**Choose the correct options (questions 22-26)**

**22. My uncle, who is a cardiac surgeon, deals with ——**
A.kidney patients B.heart patients✓
C. liver patients D.patients with eye problems

ব্যাখ্যাঃ Cardiac surgeon হলো যারা heart patients নিয়ে কাজ করে

**23. "Everyone has the right to a nationality." Here '*Nationality*' means**
A.nationalism
B.race
C. the status belonging to particular naiton✓
D.diaspora

ব্যাখ্যাঃ nationality means – The legal status of belonging to a particular nation

**24. "Hospitable' means**
A.hostile B.friendly✓
C. hospitalized D.haughty

ব্যাখ্যাঃ **Hospitable** -অতিথি সেবা পরায়ণ, **Hostile** - শত্রুতা, Hospitalized - হাসপাতালে, Haughty - অহংকার, **Friendly**- বন্ধুত্বপূর্ণ

**25. A herd of cows —— grazing in the field.** *[Short Syllabus]*
A.was✓ B.were C. have been D.are

ব্যাখ্যাঃ A herd of cows হলো collective noun. Collective noun + singular verb বসে।

**26. I had to run to——the rickshaw.** *[Short Syllabus]*
A.keep to B.keep up
C. keep up with✓ D.keep into

ব্যাখ্যাঃ Keep up with means তাল মিলিয়ে চলা।



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

Choose the meaning of the idiom (question 27-28)

**27. Under the weather**

A. Slightly unwell✓ B.In bad weather
C. In rainy weather D.Feeling happy

ব্যাখ্যাঃ **Under the weather means-** feel **slightly** ill/unwell and not as well as usual.

**28. Pull someone's leg**

A.Punish someone
B.Stretch someone's injured leg
C. Fool or trick someone ✓
D.Make life difficult for someone

ব্যাখ্যাঃ Pull someone's/somebody's leg means – to play a joke on somebody, usually by making them believe something that is not true.

**29. Intra-personal conflict occurs**

A.between colleagues
B. between friends
C. within an individual ✓
D.between countries

ব্যাখ্যাঃ Intra-personal conflict occurs between two or more individuals that work together in groups or teams

**30. 'I'll do better than that,' I reported 'I'll eat nothing for dinner tonight'. These lines from Somerset Maugham's 'The Luncheon' are spoken.** *[Short Syllabus]*

A.ironically B.humorously✓
C. seriously D.Sadly

ব্যাখ্যাঃ Humorously - রসিকতার সাথে

**31. What emotion do the following lines express? "How can the bird that is born for joy. Sit in a cage and sing?**

A. Joy B.Contentment
C. Terror D.Grief ✓

ব্যাখ্যাঃ **How can the bird that is born for joy. Sit in a cage and sing?** এই লাইন দ্বারা দুঃখ Grief বোঝাচ্ছে।

**32. The person who has the right to vote in an election is**

A. an obsever B. a voter✓
C. a candidate D. an a

ব্যাখ্যাঃ যার ভোট দেওয়ার অধিকার আছে সে হলো ভোটার।

**33. What is the antonym for 'timid'?** *[Short Syllabus]*

A.Weak B.Shy C. Doubtful D. Bold✓

ব্যাখ্যাঃ **Timid** - ভীরু, weak - দুর্বল, Shy - লজ্জা, Doubtful- সন্দেহসূচক, **Bold** - সাহসী

**34. What is the synonym for 'resentment"?** *[Short Syllabus]*

A.Anger B.Fear
C. Indignation✓ D.Panic

ব্যাখ্যাঃ Resentment -বিরক্তি, Indignation - বিরক্তি

**35. "One hardly knows what to do. "Here the word "one' is an example of.** *[Short Syllabus]*

A.distributive pronoun
B.an indefinite pronoun✓
C. a demonstrative pronoun
D.a relative pronoun

ব্যাখ্যাঃ Indefinite pronouns are Anybody, Everybody, somebody, nobody, each one, Anyone, Everyone , no one, someone , **one**, everything, anything etc.

## বাংলা-৪০

**36. 'আমার পথ' প্রবন্ধে কাজী নজরুল ইসলাম আত্মাকে চিনতে বলেছেন কোন প্রয়োজনে?** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.ভন্ডামি দূর করতে✓ B. স্বাধীন হওয়ার জন্য
C. মিথ্যাকে পরিহার করতে D. দেশের উন্নতি লক্ষ্যে

ব্যাখ্যাঃ "আমার পথ" প্রবন্ধটির কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন-

- 'আমার পথ' অভিভাষণটি লেখক দিয়েছিলেন- "ধূমকেতু" পত্রিকা উদ্বোধনের দিনে।
- 'আমার কর্ণধার আমি' বলতে বোঝানো হয়েছে- আত্মনির্ভরশীলতা।
- 'আমার পথ' প্রবন্ধে প্রলয় আসবে বলা হয়েছে- নতুন সৃষ্টির লক্ষ্যে।
- নজরুল গোটা মানব সমাজকে কী করতে চেয়েছেন- ঐক্যবদ্ধ।
- আমার পথ প্রবন্ধে লেখক সত্যকে কী হিসেবে আখ্যায়িত করেছেন- গুরু।
- কী কারনে সত্যের শিখা নিভে যেতে পারে- মিথ্যার কারণে।
- স্বাধীনতা অর্জনের মূল মাধ্যম- আত্মনির্ভরতা
- 'আমার পথ' প্রবন্ধে লেখকের ভাষায় মনের জোর আসে- নিজেকে চিনলে।
- কোন ধর্ম সবচেয়ে বড় ধর্ম- মানব ধর্ম।

জেনে রাখো- কাজী নজরুল ইসলাম এর সংক্ষিপ্ত পরিচিতি-

| | | | |
|---|---|---|---|
| নাম ও উপাধি | প্রকৃত নাম | কাজী নজরুল ইসলাম। |  |
| | ডাক নাম | দুখু মিয়া | |
| | উপাধি | বিদ্রোহী কবি | |
| জন্ম পরিচয় | জন্ম তারিখ | ২৪ মে, ১৮৯৯; (১১ জ্যৈষ্ঠ ১৩০৬)। | |
| | জন্মস্থান | পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার চুরুলিয়া গ্রাম। | |
| পিতৃ ও মাতৃ পরিচয় | পিতার নাম | কাজী ফকির আহমেদ। | |
| | মাতার নাম | জাহেদা খাতুন। | |
| শিক্ষাজীবন | প্রাথমিক শিক্ষা | গ্রামের মক্তব থেকে প্রাথমিক শিক্ষা লাভ করেন। | |
| | মাধ্যমিক শিক্ষা | প্রথমে রাণীগঞ্জের সিয়ারসোল স্কুল, পরে মাথরুন উচ্চ ইংরেজি স্কুল, এতপর ১৯১৪ সালে ময়মনসিংহ জেলার ত্রিশালের দরিরামপুর স্কুলে সপ্তম শ্রেনিতে ভর্তি হন। এক বছর পর তিনি আবার নিজের গ্রামে ফিরে যান | |



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

| | | |
|---|---|---|
| | | এবং ১৯১৫ সালে আবারও রাণীগঞ্জ সিয়ারসোল রাজ স্কুলে ৮ম শ্রেণিতে ভর্তি হন। এ স্কুলে নজরুল ১৯১৫ থেকে ১৯১৭ সাল পর্যন্ত একটানা অষ্টম থেকে দশম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেন। |
| কর্মজীবন | দারিদ্র্যের কারণে প্রথম জীবনে তিনি কবিয়াল, লেটো গানের দলে ও রুটির দোকানে কাজ করেন। ১৯১৭ সালে সেনাবাহিনীতে যোগদান করেন। পরবর্তীতে পত্রিকা সম্পাদনার চাকরি নেন। তাছাড়া গ্রামোফোন রেকর্ডের জন্যে গান লেখা, সুরারোপ এবং সাহিত্য সাধনার মাধ্যমে জীবনের গুরুত্বপূর্ণ সময় অতিবাহিত করেন। জীবনের শেষ তিন দশক নজরুল নির্বাক ও কর্মহীন ছিলেন। | |
| সাহিত্য সাধনা | নজরুলের সাহিত্য সাধনার মাধ্যমে বাংলা সাহিত্যে এক নতুন দিগন্তের উন্মোচন হয়। তাঁর শ্রেষ্ঠ রচনাবলি হচ্ছে- | |
| | কাব্যগ্রন্থ | অগ্নিবীণা, বিষের বাঁশী, ভাঙ্গার গান, সাম্যবাদী, সর্বহারা, ফণি-মনসা, জিঞ্জির, সন্ধ্যা, প্রলয় শিখা, দোলনচাঁপা, ছায়ানট, সিন্ধু-হিন্দোল, চক্রবাক, নতুন চাঁদ, ঝিঙেফুল, চন্দ্রবিন্দু ইত্যাদি। |
| | উপন্যাস | বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা ইত্যাদি। |
| | প্রবন্ধগ্রন্থ | রাজবন্দীর জবানবন্দী, যুগ-বাণী, ধূমকেতু, রুদ্র-মঙ্গল, দুর্দিনের যাত্রী ইত্যাদি। |
| | গল্পগ্রন্থ | ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা, পদ্মগোখরা, জিনের বাদশা ইত্যাদি। |
| | নাটক | ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে, মধুমালা, রক্তকমল, মহুয়া, জাহাঙ্গীর, কারাগার ইত্যাদি। |
| | জীবনী গ্রন্থ | মরুভাস্কর (হযরত মুহাম্মদ 'সাঃ'-এর জীবনী গ্রন্থ)। |
| | অনুবাদ | রুবাইয়াত-ই-হাফিজ, রুবাইয়াত-ই-ওমর খৈয়াম, কাব্যে আম পারা। |
| | গানের সংকলন | বুলবুলি, চোখের চাতক, চন্দ্রবিন্দু, নজরুল গীতি, সুরলিপি, গানের মালা, চিত্তনামা ইত্যাদি। |
| | সম্পাদিত পত্রিকা | ধূমকেতু, লাঙ্গল, দৈনিক নবযুগ। |
| পুরস্কার ও সম্মাননা | ১৯৪৫ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক 'জগত্তারিণী স্বর্ণপদক' ভারত সরকার কর্তৃক ১৯৬০ সালে 'পদ্মভূষণ' পদক, রবীন্দ্রভারতী ও ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডি-লিট উপাধি এবং বাংলাদেশ সরকার কর্তৃক 'একুশে পদক' লাভ করেন। | |
| বিশেষ মূল্যায়ন | বাংলাদেশ সরকার কর্তৃক নাগরিকত্ব এবং জাতীয় কবির মর্যাদা লাভ। | |
| জীবনাবসান | মৃত্যুতারিখ ও স্থান | ২৯ আগস্ট, ১৯৭৬ ঢাকার পিজি হাসপাতাল। |
| | সমাধি স্থান | ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণ। |

**37. জেলখানায় বঙ্গবন্ধুর অনশন ভাঙালেন কে?** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. একজন কর্মচারী B. রাজনৈতিক সহকর্মী✓
C. সিভিল সার্জন D. ডেপুটি জেলার

**ব্যাখ্যাঃ** রাজনৈতিক সহকর্মী মহিউদ্দিন ডাবের পানি খাওয়ানোর মাধ্যমে জেলখানায় বঙ্গবন্ধুর অনশন ভাঙালেন।

**38. 'ইন্দ্রজাল' শব্দের সমার্থক শব্দ-জোড় কোনটি?**

A. ইন্দ্রিয়, জাদু B. কুহক, মায়া✓
C. জাদু, দ্যুতি D. ভেলকি, ক্ষোভ

**ব্যাখ্যাঃ** কিছু গুরুত্বপূর্ণ সমার্থক শব্দঃ

| শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| ইন্দ্রজাল | মায়া, কুহক , ভেলকি, প্রতারণা, ছল, ধোঁকা |
| কাক | বায়স, পরভৃৎ। |
| কুল | বংশ, গোত্র, জাতি, বর্ণ, গোষ্ঠী, কৌলিন্য। |
| কোরক | কুঁড়ি, মুকুল, কলি, কলিকা, বউল। |
| কিরণ | কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, অংশু, রশ্মি, আলো |
| কাল | কৃষ্ণ, শ্যাম, শ্যামল, অম্বিত। |
| ক্রোধ | রাগ, কোপ, রোষ, উষ্মা। |
| কলা | রম্ভা, কদলী, পত্রগোটা। |
| কপাল | ললাট, ভাগ্য, অদৃষ্ট। |

**39. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় কবি পাক সেনাদের কে কার সঙ্গে তুলনা করেছেন?**

A. সিংহের সঙ্গে B. বন্য মানুষের সঙ্গে
C. শকুনের সঙ্গে✓ D. হায়নার সঙ্গে

**ব্যাখ্যাঃ** 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতাটি সৈয়দ শামসুল হক রচিত 'নূরলদীনের সারাজীবন' কাব্যনাট্য থেকে গৃহীত হয়েছে। এই কবিতায় কবি পাকসেনাদেরকে শকুনের সাথে তুলনা করেছেন।

জেনে রাখোঃ 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন-

- ➢ "নূরলদীনের কথা মনে পড়ে যায়" মূলত কী- নূরলদীনের সারাজীবন কাব্যনাটকের প্রস্তাবনা।
- ➢ নূরলদীন কে ছিলেন- রংপুর-দিনাজপুর অঞ্চলের সামন্তবাদ-সাম্রাজ্যবাদ বিরোধী সাহসী কৃষক নেতা।
- ➢ নূরলদীন কোন আন্দোলনের সাথে জড়িত ছিলেন- ব্রিটিশবিরোধী আন্দোলন।
- ➢ ইতিহাসের পাতা থেকে বেরিয়ে নূরলদীন কোথায় মিশে যায়- শ্রমজীবী মানুষের ভীড়ে।

**40. 'পলাশ দেখতে সুন্দর বটে, কিন্তু গন্ধহীন।' - এখানে'কিন্তু' যে ধরনের অব্যয়-** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. সংকোচক✓ B. পদান্বয়ী C. বিয়োজক D. সংযোজক

**ব্যাখ্যাঃ** অব্যয় পদ : যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায়, তাকে অব্যয় পদ বলে। অব্যয় প্রধানত চার প্রকার। যথা – ১. সমুচ্চয়ী ২. অনন্বয়ী ৩. অনুসর্গ এবং ৪. অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয়।

সমুচ্চয়ী অব্যয়: যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের বা বাক্যস্থিত একটি পদের সাথে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চয়ী অব্যয় পদ বলে।

সংকোচক অব্যয়: অথচ, কিন্তু, বরং। যেমন – পলাশ দেখতে সুন্দর বটে, কিন্তু গন্ধহীন।

সংযোজক অব্যয়: ও, তাই, আর, অধিকন্তু, সুতরাং, এবং। যেমন – তিনি সৎ ও পরিশ্রমী।

বিয়োজক অব্যয়: কিংবা, কিন্তু, অথবা, নতুবা, না হয়, নয়তো। যেমন – হাসেম কিংবা কাসেম যাবে।

অনুগামী সমুচ্চয়ী অব্যয়: যে, যদি, যদিও, যেন প্রভৃতি কয়েকটি শব্দ সংযোজক অব্যয়ের কাজ করে থাকে, তাই তাদের অনুগামী সমুচ্চয়ী অব্যয় বলে। যেমন – তিনি এত পরিশ্রম করেন যে, তার স্বাস্থ্যভঙ্গ হচ্ছে।

41. 'ঐকতান' কবিতায় কবি রবীন্দ্রনাথ ঠাকুর পৃথিবীকে কী বলে আখ্যায়িত করেছেন? *[সংক্ষিপ্ত সিলেবাস]*
A.কৃপণ্য B.বিপুলা✓ C. বনফুল D.ঐশ্বর্যময়

ব্যাখ্যাঃ **"ঐকতান" কবিতার কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন-**
- "একতান" কবিতাটি সংকলিত হয়েছে- জন্মদিনে কাব্যগ্রন্থ থেকে
- কখন এবং কোন পত্রিকায় 'ঐকতান' কবিতাটি প্রকাশিত হয়- ১৩৪৭ বঙ্গাব্দে প্রবাসী পত্রিকার ফাল্গুন সংখ্যায়।
- বিশাল বিশ্বের আয়োজনে কবির মন কোথায় পড়ে রয়েছে- ক্ষুদ্র এক কোণে।
- রবীন্দ্রনাথ নিজেকে কীসের কবি বলেছেন- পৃথিবীর।
- কবি কীভাবে চিত্রময়ী বাণী কুড়িয়ে আনে- অক্ষয় উৎসাহে।
- কবি ভিক্ষালব্ধধনে কী পূরণ করে- জ্ঞানের দীনতা।
- দুঃখ-সুখ সহ্য করা নির্বাক মানুষ, যারা এগিয়ে চলা পৃথিবীতে এখনো মাথা উঁচু করে দাঁড়াতে পারে না। তাদেরকে বোঝাতে রবীন্দ্রনাথ কোন শব্দটি ব্যবহার করেন- মূক (মূক অর্থ – নির্বাক, বোবা।)
- সাহিত্যের ভুবন কেন আনন্দহীন উষর মুরুভূমিতে পরিণত হয়েছে- জেলে-তাঁতি প্রভৃতি শ্রমজীবী মানুষ সাহিত্যের বিষয়সভায় উপেক্ষার কারণে।
- নানা সীমাবদ্ধতার কারণে কবি কাদের সাথে ভালোভাবে সংযোগ ঘটাতে পারেন নি- ব্রাত্য মানুষের সাথে।
- 'ঐকতান' কবিতায় 'আমি' বলতে প্রতীকী অর্থে কাকে বোঝানো হয়েছে- কবি রবীন্দ্রনাথকে।
- 'ঐকতান' কবিতার শেষ লাইন কোনটি- কাছে থেকে দূরে যারা তাহাদের বাণী যেন শুনি।

42. 'আমরা' শব্দের সঠিক ব্যাসবাক্য কোনটি? *[সংক্ষিপ্ত সিলেবাস]*
A.তুমি, আমি ও সে✓ B.আমি, তুমি ও সে
C. সে, আমি ও তুমি D.তুমি, সে ও আমি

ব্যাখ্যাঃ নিত্য সমাস: যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। তুমি আমি ও সে = আমরা।

43. 'রেইনকোট' গল্পের রেইনকোট কীসের প্রতীক? *[সংক্ষিপ্ত সিলেবাস]*
A.সহিষ্ণুতা B. ধৈর্য ও ক্ষমা
C. সাহস ও দেশপ্রেম✓ D.মৃত্যু

ব্যাখ্যাঃ আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'রেইনকোট' গল্পে 'রেইনকোট' সাহস ও দেশপ্রেমের প্রতীক হয়ে উঠেছে। নুরুল হুদা যে রেইনকোটটা পরেছিল সেটি তার শ্যালক মুক্তিযোদ্ধা মিন্টুর। কিন্তু রেইনকোটটার প্রতীকী তাৎপর্য অসাধারণ। ভীতু প্রকৃতির নুরুল হুদা রেইনকোট গায়ে দিয়ে সম্পূর্ণ পরিবর্তন হয়ে যায়। তার মানে সঞ্চারিত হতে থাকে উষ্ণতা ও সাহস। মূলত রেইনকোটটির মাধ্যমে নুরুল হুদার সাহস ও দেশপ্রেম ব্যঞ্জনাময় হয়ে উঠে।

44. কোন শব্দটি দ্বারা মেঘনাদকে বোঝানো হয়েছে?
A. সৌমিত্রি B.রাঘবদাস C. জীমূতেন্দ্র D.অরিন্দম✓

ব্যাখ্যাঃ 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন-
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত- মেঘনাদ বধ।
- 'মেঘনাদবধ' কাব্যটি কয় স্বর্গে বা কত অধ্যায়ে রচিত- নয়টি।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কোন স্বর্গ থেকে সংকলিত হয়েছে- ষষ্ঠ
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটি যে ছন্দে রচিত- অক্ষরবৃত্ত।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটিতে পর্ব রয়েছে- ২ টি।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটির প্রতিটি চরণে মাত্রা রয়েছে- ১৪ টি।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটির প্রথম পর্ব- ৮ মাত্রার।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটির দ্বিতীয় পর্ব- ৬ মাত্রার।
- রাবণের কণিষ্ঠ সহোদর এবং রামের ভক্ত- বিভীষণ
- মেঘনাদ এর যজ্ঞস্থান কোথায়- লঙ্কাপুরীতে।
- লক্ষণ বা সৌমিত্রির মায়ের নাম- সুমিত্রা।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' 'মজাইলা' অর্থ- বিপদগ্রস্ত করলে।
- জীমূতেন্দ বলতে বোঝানো হয়েছে- মেঘের ডাক বা আওয়াজ।
- "শাস্ত্র বলে, গুণবান যদি পরজন, গুণহীণ স্বজন, তথাপি নির্গুণ স্বজন শ্রেয়ঃ পরঃ পরঃ সদা!" চরণটি দ্বারা বোঝানো হয়েছে- গুণহীন স্বজন হলেও নির্গুন স্বজনই শ্রেয়
- কবিতায় রামানুজ বলতে বোঝানো হয়েছে- লক্ষণ।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'শূলিশম্ভুনিভ' বলতে বোজানো হয়েছে- কুম্ভকর্ণকে।
- 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় কাকে 'মহারথী' বলা হয়েছে- বিভীষণকে।

**জেনে রাখো- মাইকেল মধুসূদন দত্ত**



| | |
|---|---|
| জন্ম ও জন্মস্থান- | ১৮২৪খ্রিঃ, ২৫ জানুয়ারি। যশোর জেলার সাগরদাড়ি গ্রামে। |
| পরিচয় | আধুনিক বাংলা কবিতার জনক বলা হয় |
| | মাইকেল মধুসূদন দত্তের 'মাইকেল' নামটি যুক্ত হয় খ্রিষ্ট ধর্ম গ্রহনের পর। |
| | তিনি খ্রিষ্ট ধর্ম গ্রহন করেন ১৮৪৩ খ্রি., ৯ ফেব্রুয়ারি। |
| | তিনি ১৩/১৪ টি ভাষা জানতেন। |
| | তিনি অমিত্রাক্ষর ছন্দ প্রবর্তন করেন |
| | মাইকেল মধুসূদন দত্ত ইতালীয় কবি পেত্রার্ক ও শেক্সপীয়র অনুসরনে সনেট রচনা করেন |
| কাব্যগ্রন্থ | মেঘনাদ বধ, ব্রজাঙ্গনা, বীরাঙ্গনা, চতুর্দশপদী কবিতাবলী, তিলোত্তমাসম্ভব, Visons of the past, The captive lady, Rizia |
| | মধুসূদন দত্তের প্রথম কাব্যগ্রন্থ 'The captive lady'। |
| | মাইকেল মধুসূদন দত্তের প্রথম বাংলা কাব্যগ্রন্থ তিলোত্তমাসম্ভব (১৮৬০খ্রিঃ) যা অমিত্রাক্ষর ছন্দে রচিত। |
| | বাংলা সাহিত্যের প্রথম সনেট সংকলন চতুর্দশপদী কবিতাবলী। |
| | বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য- বীরাঙ্গনা। |
| | বৈষ্ণব পদাবলীর আধুনিক পরিণতি- ব্রজাঙ্গনা কাব্য। |
| নাটক | পদ্মাবতী, কৃষ্ণকুমারী, হেক্টর বধ, শর্মিষ্ঠা, মায়াকানন। |
| প্রহসন | একেই কি বলে সভ্যতা, বুড়ো শালিকের ঘাড়ে রোঁ। |
| মৃত্যু | ১৮৭৩ খ্রি:, ২৯ জুন। কলকাতার আলিপুর হাসপাতাল |

বাণী: আজ তুমি যেখানে আছো, সেটা তোমার অতীতের কর্মফল। কিন্তু কাল তুমি যেখানে পৌঁছাবে, সেটা তোমার আজকের কর্মফল।

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**45. আঠারো বছর বয়স বেঁচে থাকে কীসে?**

A. বেদনায় B. দুর্যোগে আর ঝড়ে✓
C. অসহ্য যন্ত্রণায় D.আঘাতে

**ব্যাখ্যাঃ** সুকান্ত ভট্টাচার্য রচিত আঠারো বছর বয়স কবিতার পংক্তিগুলো হলো-

তব আঠারোর শুনেছি জয়ধ্বনি,
এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে,
বিপদের মুখে এ বয়স অগ্রণী
এ বয়স তবু নতুন কিছু তো করে।

**46. 'ক্ষুদ্র' অর্থে উপসর্গ ব্যবহৃত হয়েছে কোন শব্দে?** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.উপকণ্ঠ B.উপদল C.উপকূল D.উপশহর✓

**ব্যাখ্যাঃ**

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদহরণ |
|---|---|---|
| উপ | সামীপ্য অর্থে | উপকূল, উপকণ্ঠ |
| | সদৃশ অর্থে | উপদ্বীপ, উপবন |
| | ক্ষুদ্র অর্থে | উপগ্রহ, উপসাগর, উপনেতা, উপশহর |
| | বিশেষ অর্থে | উপনয়ন (পৈতা), উপভোগ |

**47. 'জংশন' শব্দটির উৎস ভাষা-**

A.ইংরেজি✓ B.ফরাসি C. চীনা D.বার্মিজ

**ব্যাখ্যাঃ** ইংরেজি "জংশন (Junction)" শব্দের অর্থ হলো এমন একটি জায়গা যেখানে বিভিন্ন রুট, লাইট বা রাস্তাগুলি একে অপরকে সংযোগ করে,লিংক করে বা ক্রুশ করে।

জেনে রাখো:
কিছু গুরুত্বপূর্ণ বিদেশি শব্দ-

| | |
|---|---|
| তুর্কি শব্দ | বাবা, দারোগা, বন্দুক, চাকর, লাশ |
| ফারসি শব্দ | বুর্জোয়া, আঁতাত, ইংরেজ কার্তুজ |
| জাপানি শব্দ | রিক্সা, হাসনাহেনা, হারিকিরি |
| গুজরাটি শব্দ | হরতাল, খদ্দর |
| ইতালীয় শব্দ | মাফিয়া |
| অস্ট্রেলীয় শব্দ | বুমেরাং |
| মালয় শব্দ | কিরিচ, আইলা |
| মেক্সিকান শব্দ | চকলেট |
| চিনা শব্দ | চা, চিনি, সাম্পান |
| ওলন্দাজ শব্দ | ইস্ক্রপ, তুরুপ, টেক্কা |
| সিংহলি শব্দ | সিডর, বেরিবেরি |
| ইতালিয়ান | সনেট, মাফিয়া, ম্যাজেন্টা |
| তামিল | চুরুট |
| গ্রিক শব্দ | দাম, সেমাই, ইউনানি |

**48. 'জঙ্গম' শব্দটি দিয়ে বোঝায়-**

A.বাঁধ B.স্থির C. গতিশীল✓ D.পর্বত

**ব্যাখ্যাঃ** গুরুত্বপূর্ণ কিছু শব্দের অর্থ

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| উনপাঁজুরে | দুর্বল | লেফাফা | মোড়ক |
| সায়র | দিঘি | আদিখ্যেতা | ন্যাকামি |
| পার্বণ | উৎসব | চয়ন | সম্ভার |
| অর্ঘ | মূল্য | বায়স | কাক |
| সোপান | সিঁড়ি | হাতে আসা | আয়ত্তে |
| মূঢ়তা | অনভিজ্ঞতা | খেচর | পাখি |
| অনিন্দ্য | নিখুঁত | প্রথিতযশা | খ্যাতনামা |
| সমীরণ | বাতাস | আভরণ | অলংকার |
| অভিরাম | সুন্দর | পরার্থ | পরোপকার |
| উপাদান | উপকরণ | অনীক | সৈনিক |

**49. একটি বাক্যে 'যোগ্যতা' বলতে বোঝায়-** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.বাক্যের অন্তর্গত পদসমূহের অর্থগত ও ভাবগত সংগতি✓
B.বাক্যের পদসমূহের সুশৃঙ্খল বিন্যাস
C. বাক্যে এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছা
D.বাক্যে কর্তা ও ক্রিয়াপদের অন্বয়

**ব্যাখ্যাঃ** ভাষার বিচারে বাক্যের নিম্নলিখিত তিনটি গুণ থাকে। যথা – ১. আকাঙ্ক্ষা ২. আসত্তি এবং ৩. যোগ্যতা।

১.আকাঙ্ক্ষা: বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তাই আকাঙ্ক্ষা।যেমন – আমি তোমাকে....... । এখানে বাকি পদ শোনার ইচ্ছাটাই আকাঙ্ক্ষা।

২.আসত্তি: মনোভাব প্রকাশের জন্য বাক্যে শব্দগুলো এমনভাবে পরপর সাজাতে হবে যাতে মনোভাব প্রকাশ বাধাগ্রস্ত না হয়। বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি। যেমন – লিলি লেখেন ভাল কবিতা। এখানে বাক্যের পদ গুলো সুশৃঙ্খল না। কিন্তু যদি বলা হয়, লিলি ভাল কবিতা লেখেন। তাহলে বাক্যের পদগুলো সুশৃঙ্খল হয়। অর্থাৎ বাক্যটি আসত্তিসম্পন্ন।

৩. যোগ্যতা: বাক্যস্থিত পদসমূহের অন্তর্গত এবং ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা। যেমন – বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়। বাক্যটি যোগ্যতা সম্পন্ন। কিন্তু যদি বলা হত 'বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে।' তাহলে বাক্যেটি যোগ্যতাসম্পন্ন হয় না।

**50. 'Hand out'- এর বাংলা পরিভাষা হচ্ছে-** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.হস্তপত্র B.জ্ঞাপনপত্র✓ C. তথ্যপত্র D.প্রচারপত্র

**ব্যাখ্যাঃ** গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ-

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Hand out | জ্ঞাপনপত্র | Prepaid | আগাম প্রদত্ত |
| Bidder | নিলাম ডাকিয়ে | Hygienic | স্বাস্থ্যকর |
| Diplomatic | কূটনৈতিক | Legend | কিংবদন্তি |
| Embargo | নিষেধাজ্ঞা | Aid | সাহায্য |
| Face value | অভিহিত মূল্য | Oath | শপথ |

**51. কোনটি তদ্ভব শব্দের উদাহরণ?**

A.সূর্য B. পেন্নাম C. হাত✓ D.ডিঙি

**ব্যাখ্যাঃ** তদ্ভব শব্দ : তৎ = সংস্কৃত, ভব = জাত। অর্থাৎ তদ্ভব শব্দের অর্থ হল সংস্কৃত থেকে জাত। যে সব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তন ধারায় প্রাকৃত অপ্রভংশের মধ্য দিয়ে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলা ভাষায় স্থান করে নিয়েছে তাকে তদ্ভব শব্দ বলে। তদ্ভব শব্দের অপর নাম খাঁটি বাংলা শব্দ।

উদাহরণ: সাপ, কামার, চামার, মা, পা, কান, চাঁদ, মা, হাত ইত্যাদি। এছাড়াও অঙ্গপ্রত্যেঙ্গের নাম, যেমন – চোখ নাক ইত্যাদি, ব্যক্তিগত সম্বন্ধবাচকতার নাম, যেমন – বাবা, ভাই, বোন ইত্যাদি, পেশার নাম, যেমন – কুমার, গোয়ালা ইত্যাদি, পশুপাখির নাম, যেমন – গর, ঘোড়া ইত্যাদি, প্রাকৃতিক বস্তুর নাম, যেমন – সোনা, রূপা ইত্যাদি, ঘর সংসারের জিনিস পত্রের নাম, যেমন – ছাতা, লাঠি ইত্যাদি, সংখ্যাবাচক শব্দ, যেমন – এক, দুই, তিন ইত্যাদি, তারিখ বাচক শব্দ, যেমন – পয়লা, দোসরা ইত্যাদি, সর্বনাম যেমন – তুমি, সে ইত্যাদি, ক্রিয়াবাচক যেমন – হচ্ছে, হবে ইত্যাদি হল তদ্ভব শব্দ।

**52. 'পর্বত'- এর সমার্থক শব্দ নয় কোনটি?**

A. শৈল B. অদ্রি C.মেদিনী✓ D.অচল

**ব্যাখ্যাঃ** 'পর্বত' এর সমার্থক শব্দসমূহ: পাহাড়, অচল, অদ্রি, গিরি, ভূধর, শৈল, মহীধর, নগ, শৃঙ্গী, শিখরী, শৈলিনী, ক্ষিতিধর, ভূভৃৎ।

জেনে রাখো:
পৃথিবী এর সমার্থক শব্দসমূহ: ধরা, ধরণী, ধরিত্রী, বসুন্ধরা, বসুধা, ভূ, ভূমণ্ডল, অবনী, ক্ষিতি, মহী, বসুমতী, মেদিনী, জগৎ, মর্তালোক, ব্রহ্মাণ্ড, বিশ্ব, অখিল, ভুবন , উর্বী, পৃথী।



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

53. কোন শব্দটি শুদ্ধ? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. বৈশিষ্ট্যতা B.প্রবাহমান C. প্রজ্বলিত✓ D.ইতিমধ্যে

ব্যাখ্যাঃ কতিপয় অশুদ্ধ শব্দের শুদ্ধ প্রয়োগ-

| অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ | অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ |
|---|---|---|---|
| অধ্যায়ন | অধ্যয়ন | প্রাণীজগত | প্রাণিজগত |
| উচ্ছাস | উচ্ছ্বাস | বহিস্কার | বহিষ্কার |
| কাংখিত | কাঙ্ক্ষিত | বুদ্ধিজীবি | বুদ্ধিজীবী |
| কুতসিত | কুৎসিত | ভৌগলিক | ভৌগোলিক |
| কলংকিত | কলঙ্কিত | মুমুর্ষ | মুমূর্ষু |
| নীরিহ | নিরীহ | স্বচ্ছল | সচ্ছল |
| অক্ষুন্ন | অক্ষুণ্ন | পৈত্রিক | পৈতৃক |

54. 'নষ্ট হওয়া স্বভাব যার'- এক কথায় কী হবে?

A.নষ্টস্বভাব B.বিনষ্ট C. নশ্বর✓ D.অবিনশ্বর

ব্যাখ্যাঃ কতিপয় গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশঃ-

| | |
|---|---|
| ভোজন করার ইচ্ছা | বুভুক্ষা |
| যার দুই হাত সমান চলে | সব্যসাচী |
| একই গুরুর শীর্ষ | সতীর্থ |
| একই সময়ে বর্তমান | সমসাময়িক |
| যা বলা হয় নি | অনুক্ত |
| যে শুনে মনে রাখতে পারে | শ্রুতিধর |
| যে সকল অত্যাচার সয়ে যায় | সর্বংসহা |
| কর্মে যার ক্লান্তি নেই | অক্লান্ত |

55. 'আমার কন্যার গহনা আমি চুরি করিব এ কথা যারা মনে করে তাদের হাতে আমি কন্যা দিতে পারিনা।'- উক্তিটি কে করেছিলেন? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. শম্ভুনাথ✓ B.হরিশ C. মামা D.অনুপম

56. 'বিড়াল' কোন ধরনের রচনা?

A. যুক্তিনিষ্ঠ ও সাবলীল B.রসাত্মক ও ব্যঙ্গধর্মী✓

C. সাম্যবাদী D.কাল্পনিক ও উদ্ভট

ব্যাখ্যাঃ জেনে রাখো-

- ➤ বিড়াল রচনাটি কোথা থেকে নেওয়া হয়েছে- কমলাকান্তের দপ্তর।
- ➤ বিড়াল যে ধরনের রচনা- রসাত্মক ও ব্যঙ্গধর্মী|
- ➤ কোন লোভ ভাল নয়- বিশেষ অপরিমিত লোভ।
- ➤ কে কমলাকান্তের জন্য দুধ রেখে গিয়েছিল- প্রসন্ন।
- ➤ বিড়াল রচনায় 'মঙ্গলা' শব্দটি কী অর্থে ব্যবহার করা হয়েছে- গরুর নাম।
- ➤ কমলাকান্তের মতে ওয়েলিংটন কী ভিক্ষা করতে এসেছিলেন- আফিং
- ➤ নেপোলিয়ন কে ছিলেন- ফরাসি সম্রাট
- ➤ নেপোলিয়নকে কোন দ্বীপে নির্বাসন দেওয়া হয়- সেন্ট হেলেনা দ্বীপে।

57. জটিল বা মিশ্রবাক্যের উদাহরণ- *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. যে ভিক্ষা চায়, তাকে দান কর✓

B.ভিক্ষুক এসেচে ভিক্ষা দাও

C. ভিক্ষুককে দান কর

D. দান ভিক্ষুকের জন্য

ব্যাখ্যাঃ গঠন অনুযায়ী বাক্য তিন প্রকার। যথা- সরল বাক্য, জটিল বাক্য, যৌগিক বাক্য।

সরল বাক্য- যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য ও একটি মাত্র বিধেয় থাকে তাকেই বলে সরল বাক্য।

সরল বাক্য চিনার উপায়- একটিই মাত্র বাক্য, ক্রিয়া+এ, ক্রিয়া+য়, ক্রিয়া+নি, বসে থাকে। যেমন- শুভম শান্ত ছেলে।

জটিল বাক্য- যে বাক্যে একটি প্রধান খন্ড বাক্য থাকে এবং তার অধীনে এক বা বেশী অপ্রধান খন্ড বাক্য থাকে তাকেই বলে জটিল বাক্য।

জটিল বাক্য চিনার উপায়- যিনি-তিনি, যে-সে, যখন-তখন, যেমন-তেমন, যেখানে-সেখানে, যত-তত, ইত্যাদি থাকলে জটিল বাক্যে পরিণত হয়ে যায়।

যৌগিক বাক্য- একাধিক খন্ড বাক্য বিভিন্ন অব্যয় (সংযোজক, বিয়োজক, সংকোচক) দ্বারা যুক্ত হয়ে একটি বাক্য গঠন করলে তাকে বলে যৌগিক বাক্য।

58. 'এ ছেলে বংশের মুখ রক্ষা করবে'- এর সঠিক অর্থ হলো?

A.বংশবৃদ্ধি করবে B. সম্মান বাঁচানো✓

C. অনুগ্রহ করা D.বংশের অসম্মান করা

ব্যাখ্যাঃ গুরুত্বপূর্ণ বাগধারা-

| | |
|---|---|
| বিড়ালের আড়াই পা | বেহায়াপোনা |
| খোদার হাসি | ভাবনাচিন্তাহীন |
| ঢাকের বায়া | মূল্যহীন |
| মুখ রক্ষা করা | সম্মান বাঁচানো |
| দা-কুমড়া | অহিনকুল |
| একচোখা | পক্ষপাতদুষ্ট |
| আদিখ্যেতা | ন্যাকামি |
| গাছপাথর | হিসাব নিকাশ করা |
| চক্ষদান করা | চুরি করা |

59. পুরণবাচক শব্দ -

A. ১ B. এক C. পহেলা D.প্রথম✓

ব্যাখ্যাঃ

| অঙ্ক বা সংখ্যাবাচক | পরিমাণ বা গণনাবাচক | ক্রম বা পুরণবাচক | তারিখবাচক |
|---|---|---|---|
| ১ | এক | প্রথম | পহেলা |
| ২ | দুই | দ্বিতীয় | দোসরা |
| ৩ | তিন | তৃতীয় | তেসরা |
| ৪ | চার | চতুর্থ | চৌঠা |

60. কৃৎ- প্রত্যয় যোগে গঠিত শব্দ নয় কোনটি?

A.নাচন B. কেষ্টা✓ C. ছান D. শুনানি

ব্যাখ্যাঃ ক্রিয়া প্রকৃতির সাথে যে ধ্বনি বা ধ্বনিসমষ্টি যুক্ত থাকে তাকে কৃৎ প্রত্যয় বলে

61. 'মিউজিওলজি' শব্দ দ্বারা বোঝায়-

A.জাদুঘর তত্ত্ব ✓ B.ভূতত্ত্ব C. প্রত্নতত্ত্ব D.ফসিলবিদ্যা

62. কোনটি নিত্য পুরুষবাচক শব্দ?

A. কৃতদার✓ B.শ্রমিক C. নর D.সভাপতি

ব্যাখ্যাঃ নিত্য পুরুষবাচক শব্দ: কবিরাজ, ঢাকী, কৃতদার ইত্যাদি।
নিত্য স্ত্রীবাচক শব্দ: সতী, সতীন, বিধবা, সৎমা, কুলটা।

63. কোন দুটি অর্ধ-সংবৃত স্বরধ্বনি?

A.অ্যা, আ B. অ,উ C. ই, উ D. এ, ও✓

ব্যাখ্যাঃ মুখবিবরের অবস্থান অনুযায়ী মৌলিক স্বরধ্বনির শ্রেণিবিভাগঃ

ক) প্রসারিত স্বরধ্বনি: ই, এ, আ, অ্যা-এই চারটি স্বরধ্বনি উচ্চারণের সময় ওষ্ঠ ও অধর কম-বেশী প্রসারিত থাকে, তাই এর এমন নাম।

খ) কুঞ্চিত স্বরধ্বনি: অ, ও, উ-এই তিনটি উচ্চারণের সময় ওষ্ঠের ক্রমশ কুঞ্চিত হতে থাকে, তাই এর এমন নাম।

গ) সংবৃত স্বরধ্বনি: ই এবং উ-এই দুটি স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর সর্বাধিক সংবৃত থাকে, তাই এর এমন নাম।

ঘ) অর্ধ-সংবৃত স্বরধ্বনি: এ এবং ও -ধ্বনি দুটি উচ্চারণের সময় মুখবিবর আংশিক সংবৃত থাকে, তাই এর এমন নাম।

ঙ) বিবৃত স্বরধ্বনি: আ- ধ্বনিটি উচ্চারণের সময় মুখবিবর এবং ওষ্ঠাধর সর্বাধিক বিবৃত হয় বলে,এর এমন নাম।

চ). অর্ধ-বিবৃত স্বরধ্বনি: অ এবং অ্যা-ধ্বনি দুটি উচ্চারণের সময় মুখবিবর আংশিক বিবৃত হলেও সর্বাধিক বিবৃত হয় না, তাই এর এমন নাম।

ছ) কেন্দ্রীয় স্বরধ্বনি: আ-ধ্বনিটি প্রসারিত ও কুঞ্চিত স্বরধ্বনির মাঝখানে অবস্থিত বলে ,এর এমন নাম।



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

64. নিত্য অতীতকালের উদাহরণ-
A. তারা একসঙ্গে ঘুরে বেড়াত✓
B. সেদিনও দাদি আমাদের গল্প বলছিলেন
C. সূর্য উঠল
D. স্কুল শেষে শিক্ষার্থীরা বাড়ি গেল

ব্যাখ্যাঃ নিত্যবৃত্ত অতীত কাল: অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্থতা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমন – তারা এক সঙ্গে ঘুরে বেড়াত, বাবা প্রতিদিন বাজার করতেন ইত্যাদি।

65. 'ষ্ণ' যুক্তবর্ণটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত-
A. ণ+ষ  B. ষ+ঞ  C. ষ+ন  D. ষ+ণ✓

ব্যাখ্যাঃ কতিপয় গুরুত্বপূর্ণ বর্ণের সংযোগ ঃ

| | | | |
|---|---|---|---|
| ক্ষ | ক্ + ষ | হ্ম | হ্ + ম |
| ঞ্চ | ঞ্ + চ | ন্থ | ন্ + থ |
| স্থ | স্ + থ | ক্ষ্ম | ক্ +ষ্ +ম |
| রূ | র্ + উ | ক্ত | ক্ + ত |
| ন্ত | ন্ + ত | ঞ্জ | ঞ্ + জ |
| দ্দ | দ্ + দ | ম্প | প্ + ম |

66. কোনটি মিশ্র-ক্রিয়ার উদাহরণ? [সংক্ষিপ্ত সিলেবাস]
A. নাচকরা  B. এসে বসা
C. খেয়ে যাওয়া✓  D. দৌড়াতে থাকা

ব্যাখ্যাঃ মিশ্র ক্রিয়া : বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে হ, কর, দে, পা, খা, ছাড়, ধর, যা, কাট, মার, গা ইত্যাদি ধাতুযোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে

67. সিরাজউদ্দৌলা নাটকে কে নবাব হলে সকলের উদ্দেশ্য হাসিল হবে? [সংক্ষিপ্ত সিলেবাস]
A. মীরজাফর✓  B. মানিকচাঁদ
C. ঘসেটি বেগম  D. শওকত জঙ্গ

68. 'সে যেন খাঁচায় ধরা পড়েছে।'- - কার ধরা পড়ার কথা বলা হয়েছে? [সংক্ষিপ্ত সিলেবাস]
A. রহিমা  B. জমিলা  C. হাসুনির মা  D. আমেনা বিবি✓

69. নীরব ভাষায় বৃক্ষ আমাদের কী গান শোনায়?
A. বেদনার  B. ব্যর্থকতার
C. সার্থকতার✓  D. আনন্দের

ব্যাখ্যাঃ 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন-
- আমাদের জগৎ সংসারের মানুষগুলো কেমন- স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয়।
- নিষ্ঠুর মানুষের একমাত্র দেবতা কে- অহংকার।
- জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয় কীভাবে- বৃক্ষের দিকে তাকালে।
- রবীন্দ্রনাথ ফুলের ফোটার দিকে না তাকিয়ে কীসের দিকে তাকালে ভাল করতেন- নদীর গতিতে।
- 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে জীবন মানে কী- বৃদ্ধি।
- Riepeness is all কথাটির অর্থ কী- পরিপক্কতাই সব।
- বৃক্ষ কেবল বৃদ্ধির ইশারা তা নয় বরংচ- প্রশান্তিরও ইঙ্গিত।
- বৃক্ষ জীবনের গুরুভার বহন করে- শান্ত ও সহিষ্ণুতায়।

70. 'পালক' শব্দের বিপরীত শব্দ-
A. নিপীড়ক  B. ধ্বংসকারী  C. ঘাতক✓  D. শোষক

ব্যাখ্যাঃ কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ

| মুল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| প্রফুল্য | ম্লান |
| প্রত্যাদেশ | আদেশ |
| পালক | পালিত/ঘাতক |
| প্রশংসা | কুৎসা/নিন্দা |

71. 'সিক্ত নীলাম্বরী'- 'নীলাম্বরী' কোন পদ?
A. বিশেষ্য✓  B. বিশেষণ  C. সর্বনাম  D. ক্রিয়াবিশেষণ

ব্যাখ্যাঃ বিভক্তিযুক্ত শব্দমাত্রই পদ এবং বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দই এক একটি পদ।
বিশেষ্য পদ: কোন কিছুর নামকে বিশেষ্য পদ বলে। বাক্যমধ্যে যে সমস্ত পদ দ্বারা কোন ব্যক্তি, জাতি, সমষ্টি, বস্তু, স্থান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝায়, তাকে বিশেষ্য পদ বলে। বিশেষ্যপদ ছয় প্রকার। নিম্নে উদাহরণ সহ দেখানো হল –
১. সংজ্ঞা বা নামবাচক বিশেষ্য: যে পদ দ্বারা কোন ব্যক্তি, ভৌগলিক স্থান বা সংজ্ঞা এবং গ্রন্থ বিশেষের নাম বিজ্ঞাপিত হয়, তাকে সংজ্ঞা বা নামবাচক বিশেষ্য বলে। যেমন – নজরুল, ওমর, আনিস, মাইকেল, নাজনীন, ঢাকা, দিলি, মেঘনা, হিমালয়, গীতাঞ্জলি, অগ্নিবীণা, বিশ্বনবী ইত্যাদি।
২. জাতিবাচক বিশেষ্য: যে পদ দ্বারা কোন এক জাতীয় প্রাণি বা পদার্থের সাধারণ নাম বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন – মানুষ, গরু, পাখি, গাছ, নদী, পর্বত ইত্যাদি।
৩. বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য: যে পদে কোন বস্তু বা উপাদানের নাম বোঝায় তাকে বস্তু বা দ্রব্যবাচক বিশেষ্য বলে। যেমন – বই, খাতা, মাটি, চিনি, লবণ, পানি ইত্যাদি।
৪. সমষ্টি বাচক বিশেষ্য: যে সকল পদে বেশ কিছু ব্যক্তি বা প্রাণির সমষ্টি বোঝায় তাকে সমষ্টিবাচক বিশেষ্য বলে। যেমন – সভা, জনতা, সমিতি, পঞ্চায়েত, মাহফিল, ঝাঁক, বহর, দল ইত্যাদি।
৫. ভাববাচক বিশেষ্য: যে বিশেষ্য পদে কোন ক্রিয়া বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যেমন – গমন, দর্শন, ভোজন, শয়ন ইত্যাদি।
৬. গুণবাচক বিশেষ্য: যে বিশেষ্য দ্বারা কোন বস্তুর দোষ বা গুণের নাম বোঝায় তাকে গুণবাচক বিশেষ্য বলে। যেমন – মধুরতা, তারল্য, তিক্ততা, সৌরভ, স্বাস্থ্য, যৌবন, সুখ, দুঃখ ইত্যাদি।

72. কোনটি ভাব বাচ্যের উদাহরণ? [সংক্ষিপ্ত সিলেবাস]
A. বসন্তে কোকিল ডাকে  B. এখন যাওয়া যায়✓
C. বইটি পড়া হয়েছে  D. আমি অপেক্ষা করব

ব্যাখ্যাঃ ভাববাচ্য:যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষ ভাবে ব্যক্ত হয়, তাকে ভাববাচ্য বলে।
- ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নামপুরুষের হয়।
- ভাববাচ্যের কর্তায় ষষ্ঠী, দ্বিতীয়া, বা তৃতীয় বিভক্তি প্রযুক্ত হয়।
- কখনো কখনো ভাববাচ্যের কর্তা উহ্য থাকে, কর্ম দ্বারাই ভাববাচ্য গঠিত হয়।

73. শব্দের শেষে 'অ' উচ্চারণ লোপ পায়না- [সংক্ষিপ্ত সিলেবাস]
A. বৃহত্তর✓  B. ফল  C. অবশেষ  D. দর্শন

ব্যাখ্যাঃ 'অ' ধ্বনি উচ্চারণের নিয়ম
বাংলা লিখিত ভাষায় ব্যবহৃত 'অ'- ধ্বনির দুই রকম উচ্চারণ পাওয়া যায়। যথাঃ ক. বিবৃত বা স্বাভাবিক উচ্চারণ খ. সংবৃত বা 'ও' ধ্বনির মতো উচ্চারণ।
'অ'-ধ্বনির বিবৃত উচ্চারণের নিয়ম:
ক. শব্দের আদিতে না-বোধক 'অ' এর উচ্চারণ বিবৃত হয়। যেমন: অটল, অনাচার।
খ. 'অ' কিংবা 'আ'-যুক্ত ধ্বনির পূর্ববর্তী অ-ধ্বনি বিবৃত হয়। যেমন: অমানিশা, অনাচার, কথা।
গ. পূর্ব স্বরের সঙ্গে মিল রেখে স্বরসঙ্গতির কারণে বিবৃত 'অ'। যেমন: কলম, বৈধতা, যত, শ্রেয়।
ঘ. ঋ-ধ্বনি, এ-ধ্বনি, ঐ-ধ্বনি এবং ঔ-ধ্বনির পরবর্তী 'অ' প্রায়ই বিবৃত হয়। যেমন: তৃণ, দেব, ধৈর্য, নোলক, মৌন ইত্যাদি।
ঙ. অনেক সময় ই-ধ্বনির পরের 'অ' বিবৃত হয়। যেমন: গঠিত, মিত ইত্যাদি।


শিক্ষায় সবকিছু পাঠশালায় •প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

আদ্য 'অ' ধ্বনির সংবৃত উচ্চারণের নিয়মঃ

ক. শব্দের আদিতে যদি 'অ' থাকে এবং তারপর ই-কার, ঈ-কার কিংবা উ-কার বা উ-কার থাকে তবে সে 'অ' এর উচ্চারণ 'ও' কারের মতো হয়। যেমন: অভিধান (ওভিধান্), নদী (নোদি), অনুরোধ (ওনুরোধ্) ইত্যাদি।

খ. শব্দের আদ্য 'অ'-এর পরে 'য' ফলাযুক্ত ব্যঞ্জনবর্ণ থাকলে সে ক্ষেত্রে 'অ'- এর উচ্চারণ সাধারণত 'ও' কারের মতো হয়। যেমন: অদ্য (ওদ্‌দো), অত্যাচার (ওত্‌তাচার্), কন্যা (কোন্‌না) ইত্যাদি

গ. আদ্য 'অ'-এর পর 'ক্ষ' থাকলে সে 'অ'-এর উচ্চারণ সাধারণত 'ও' কারের মতো হয়ে থাকে। যেমন: দক্ষ (দোক্‌খো), রক্ষা (রোক্‌খা)।

ঘ. শব্দের প্রথমে যদি 'অ' থাকে এবং তারপর 'ঋ'-কার যুক্ত ব্যঞ্জনবর্ণ থাকলেও সে 'অ'-এর উচ্চারণ 'ও' কারের মতো হয়। যেমন: (মোস্‌সৃন্), কর্তৃকারক (কোর্‌তৃকারোক্), বক্তৃতা (বোক্‌তৃতা) ইত্যাদি।

ঙ. শব্দের প্রথমে অ-যুক্ত 'র'-ফলা থাকলে আদ্য 'অ'-এর উচ্চারণ 'ও' কারের মতো হয়ে থাকে। যেমন: ক্রম (ক্রোম্), গ্রহ (গ্রোহো), গ্রন্থ (গ্রোন্‌থো), ব্রত (ব্রোতো), প্রভাত (প্রোভাত্) ইত্যাদি।

74. 'একগুঁয়ে' অর্থটি বোঝাতে কোন বাগধারাটি প্রযোজ্য?

A. ধোপ দুরস্ত B. পাথরে পাঁচকিল
C. নেই আঁকড়া✓ D. দুমুখো সাপ

ব্যাখ্যাঃ কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারাঃ

| | |
|---|---|
| আমড়া কাঠের ঢেঁকি, কচু বনের কালাচাঁদ | অপদার্থ |
| গোঁফখেজুরে | নিতান্ত অলস |
| গৌরচন্দ্রিকা | ভূমিকা |
| গলগ্রহ | পরের বোঝা হয়ে থাকা |
| নেই আঁকড়া | একগুঁয়ে |
| ছক্কাপাঞ্জা করা | বড় বড় কথা বলা |
| জলাঞ্জলি দেওয়া | বিসর্জন দেওয়া |

75. 'রশ্মি' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. রোশ্‌শি✓ B. রশ্‌শি C. রোশ্‌মি D. রোশ্‌নি

ব্যাখ্যাঃ
গুরুত্বপূর্ণ উচ্চারণঃ-

| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| অধ্যবসায় | ওদ্‌ধোবশায় | অংশ | অঙশো |
| অদ্য | ওদ্‌দো | অত্যন্ত্র | ওত্‌তোন্‌তো |
| অগ্রহায়ন | অগ্‌গ্রোহায়োন | অনুকূল | ওনুকূল |
| রশ্মি | রোশ্‌শি | দশ্চরিত্র | দুশ্‌চোরিত্‌ত্রো |
| দরিদ্র | দোরিদ্‌দ্রো | নববর্ষ | নবোবর্‌শো |
| পরিশ্রম | পোরিস্‌স্রোম্ | অনুষ্ঠান | ওনুশ্‌টান্ |

## আইসিটি-২৫

76. প্রোগ্রাম তৈরিতে ডিজাইন ধাপের পরবর্তী ধাপ কোনটি?

A. সমস্যা বিশ্লেষণ B. প্রোগ্রাম কোডিং✓
C. প্রোগ্রাম চালানো D. প্রোগ্রাম রক্ষণাবেক্ষণ

ব্যাখ্যাঃ কম্পিউটারের সাহায্যে কোনো সমস্যা সমাধানের জন্য প্রোগ্রাম তৈরির পাঁচটি ধাপ রয়েছে, যথা-
ধাপ-১ঃ সমস্যা বিশ্লেষন
ধাপ-২ঃ প্রোগ্রাম ডিজাইন
ধাপ-৩ঃ প্রোগ্রাম ডেভেলপমেন্ট বা কোডিং
ধাপ-৪ঃ প্রোগ্রাম বাস্তবায়ন (টেস্টিং ও প্রোগ্রামের ডিবাগিং)
ধাপ-৫ঃ প্রোগ্রাম রক্ষনাবেক্ষন
প্রোগ্রাম ডেভেলপমেন্ট বা কোডিং : অ্যালগোরিদম, ফ্লোচার্ট ও সুডোকোড থেকে সুবিধামত কোন প্রোগ্রামিং ভাষায় প্রোগ্রাম লিখতে হয়। এ হল প্রোগ্রামিং এর সবচেয়ে সহজ অংশ-একে প্রোগ্রাম কোডিং বলে।

77. 173 সংখ্যাটি কোন সংখ্যা পদ্ধতির উদাহরণ? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. অক্টাল B. ডেসিমাল
C. হেক্সাডেসিমাল D. সবগুলো✓

ব্যাখ্যাঃ
১. বাইনারি সংখ্যা পদ্ধতিঃ বাইনারি সংখ্যা পদ্ধতির বেজ হচ্ছে 2। কারণ এ পদ্ধতিতে 0 ও 1 মোট দুটি মৌলিক অঙ্ক আছে।

২. দশমিক বা ডেসিমাল সংখ্যা পদ্ধতিঃ দশমিক সংখ্যা পদ্ধতির বেজ হচ্ছে 10। কারণ এ পদ্ধতিতে 0 থেকে 9 পর্যন্ত মোট 10 টি মৌলিক অঙ্ক আছে। যথা-0,1,2,3,4,5,6,7,8,9

৩. অক্টাল সংখ্যা পদ্ধতিঃ অক্টাল সংখ্যা পদ্ধতির বেজ হচ্ছে 8 (আট)। কারণ এ পদ্ধতিতে 0 থেকে 7 পর্যন্ত মোট 8 (আট) টি মৌলিক অঙ্ক আছে।

৪. হেক্সাডেসিমাল সংখ্যা পদ্ধতিঃ হেক্সাডেসিমাল সংখ্যা পদ্ধতির বেজ হচ্ছে 16। কারণ এ পদ্ধতিতে মোট 16 টি মৌলিক চিহ্ন বা অঙ্ক আছে। যথা= 0,1,2,3,4,5,6,7,8,9,A,B,C,D,E,E
(10=A, 11=B, 12=C, 13=D, 14=E, 15=E)
অতএব, প্রশ্নের 173 সংখ্যাটি অক্টাল, ডেসিমাল এবং হেক্সাডেসিমাল উভয়।

78. C ভাষায় B কোন ডাটা টাইপের উদাহরণ?

A. integer B. float
C. character✓ D. কোনটিই নয়

ব্যাখ্যাঃ
১.Character টাইপঃ সি প্রোগ্রামে ক্যারেক্টার টাইপ ডেটা (অর্থাৎ বিভিন্ন বর্ণমালা) নিয়ে কাজ করার জন্য Character টাইপ ডেটা ব্যবহৃত হয় Character টাইপ ভেরিয়েবল ঘোষণার জন্য Char কী-ওয়ার্ড লিখতে হয় এর জন্য ১ বাইট জায়গা প্রয়োজন হয়। যেমন-char-b;

২. Integer টাইপ: সি প্রোগ্রামের পূর্ণসংখ্যা (যেমন: ২৩, ১৪৩৫, -৪৫৬, ২৩৪৫ ইত্যাদি) নিয়ে কাজ করার জন্য Integer টাইপ ভেরিয়েবল ঘোষনার জন্য int কী-ওয়ার্ড ব্যবহৃত হয়। মেমোরিতে Integer লেখার জন্য ২ বাইট জায়গা নেয়। যেমন- int-x;

৩. Float টাইপ: সি প্রোগ্রামে ভগ্নাংশ বা দশমিক চিহ্নযুক্ত সংখ্যা (যেমন: ২৩.৪৫, -৪৫৬.৫০, ২৩৪৫.২৩ ইত্যাদি) নিয়ে কাজ করার জন্য Float টাইপ ভেরিয়েবল ঘোষণার জন্য Float কী-ওয়ার্ড ব্যবহৃত হয়। দশমিক চিহ্ন ৬ ডিজিট সংখ্যা পর্যন্ত গ্রহনযোগ্য। প্রতিটি Float টাইপের জন্য কম্পাইলার মেমোরিতে ৪ বাইট বা ৩২ বিট জায়গা সংরক্ষন করে। যেমন- float-x;



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

8. **Double টাইপ:** সি প্রোগ্রামে ফ্লোটের (float) চেয়ে বড় দশমিক চিহ্নযুক্ত সংখ্যা বা এক্সপোনেন্সিয়াল বা সায়েন্টিফিক ফরম্যাট সংখ্যা (যেমন: $3.5*10^{20}$, $3.5*10^{200}$, $4.5*10^{-200}$ ইত্যাদি) নিয়ে কাজ করার জন্য Double ডেটা টাইপ ব্যবহৃত হয়। Double টাইপ ঘোষনার জন্য double কী-ওয়ার্ড ব্যবহৃত হয়। দশমিক চিহ্ন ১৪ ডিজিট পর্যন্ত গ্রহনযোগ্য। প্রতিটি Double টাইপ মেমোরিতে ৮ বাইট জায়গা লাগে। যেমন- double-z;

সুতরাং, C ভাষায় B একটি Character ডেটা টাইপের উদাহরণ।

**79. Boolean Algebra- এর ক্ষেত্রে কোনটি সঠিক?** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. A+A= 1 B. A+A=0
C. A+1= A D. A+0=A✓

**ব্যাখ্যা:** বুলিয়ান অ্যালজেবরার সাধারণ উপপাদ্য গুলো নিচে দেওয়া হলো:
- $A+0=A$
- $A+1=1$
- $A+A=A$
- $A+\overline{A}=1$
- $A.A=A$
- $A.1=A$
- $A.\overline{A}=0$
- $A.0=0$

ডি-মরগ্যানের উপপাদ্য **(De-Morgan`s Theorem):**

$\overline{(A+B)}=\overline{A}.\overline{B}$

$\overline{A.B}=\overline{A}+\overline{B}$

বিনিময় উপপাদ্য **(Commulative Theorem):**
- A+B=B=A
- A.B=B.A

**80. হটস্পট কী?** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.নিরাপত্তা ব্যবস্থা B. এক ধরনের সফটওয়্যার
C. তারবিহীন নেটওয়ার্ক✓ D. কোনোটিই নয়

**ব্যাখ্যা:** **হটস্পট (Hotspot):** হটস্পট (Hotspot) হলো এক ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক যা মোবাইল কম্পিউটার ও ডিভাইস যেমন-স্মার্ট ফোন, পিডিএ, ট্যাব, নোটবুক, বা ল্যাপটপ ইত্যাদিতে ইন্টারনেট সংযোগ সরবরাহ করে।

**ওয়াই-ফাই (Wi-Fi):** ওয়াই-ফাই বা ওয়্যারলেস ফিডালিটি (Wireless Fidelity) হচ্ছে একটি জনপ্রিয় তারবিহীন প্রযুক্তি যা রেডিও ওয়েভ ব্যবহার করে কোন ইলেকট্রনিক ডিভাইসকে উচ্চ গতিসম্পন্ন ইন্টারনেট সংযোগ কিংবা কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে ডেটা আদান প্রদান করতে পারে।

**ওয়াই-ম্যাক্স (Wi-max):** ওয়াই ম্যাক্স এর পূর্ণরূপ হলো Worldwide interoperability for microwave access (wimax)। ওয়াই ম্যাক্স হচ্ছে একটি যোগাযোগ প্রযুক্তি যা বিস্তৃত ভৌগলিক অঞ্চলে দ্রুত গতির তারবিহীন ইন্টারনেট সেবা প্রদান করে।

**ব্লুটুথ (Bluetooth):** ব্লুটুথ হচ্ছে তারবিহীন পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক প্রটোকল যা স্বল্প দূরত্বে ডেটা আদান-প্রদানের জন্য ব্যবহৃত হয়। এর দুরুত্ব সাধারণত ১০ থেকে ১০০ মিটার হয়ে থাকে।

**81. কোনটি নেটওয়ার্ক ডিভাইস নয়?** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. Hub B. Switch C. Router D.TCP✓

**ব্যাখ্যা:** নেটওয়ার্ক ডিভাইস হলো হাব, সুইচ, রাউটার গেটওয়ে, রিপিটার, ব্রিজ ইত্যাদি। সুতরাং TCP নেটওয়ার্ক ডিভাইস নয়।

**82. ইউনিকোড ব্যবহার করে কতগুলো অক্ষর লেখা সম্ভব?**

A.$2^8$ B.$2^{16}-1$ C. $2^{15}$ D. $2^{16}$✓

**ব্যাখ্যা:** **ইউনিকোড (Unicode):** বিশ্বের সকল ভাষাকে কম্পিউটারে কোডভূক্ত করার জন্য বড় বড় কোম্পানিগুলো একটি মান তৈরি করেছে যাকে ইনিকোড বলা হয়। ইউনিকোড এর পূর্ণ অর্থ হচ্ছে-Universal Code বা সার্বজনীন কোড। ইউনিকোড হচ্ছে ১৬ বিট কোড। ইউকোডের মাধ্যমে ২১৬=৬৫,৫৩৬ টি অদ্বিতীয় চিহ্নকে নির্দিষ্ট করা যায়।

**83. C ভাষায় || কে কোন ধরনের অপারেটর বলা হয়?**

A.Arithmetic B.Relational
C. Logical✓ D.Assignment

**ব্যাখ্যা:**

| বাইনারি অপারেটর | উদাহরণ |
|---|---|
| অ্যারিথমেটিক অপারেটর | +,-,*,/,% ইত্যাদি |
| রিলেশনাল অপারেটর | <,<=,>,>=, == ইত্যাদি |
| লজিক্যাল অপারেটর | \|\|, &&,! ইত্যাদি |
| বিটওয়াইজ অপারেটর | \|,&,∧,<<,>> ইত্যাদি |
| এসাইনমেন্ট অপারেটর | =,+=,*=,/+,%= ইত্যাদি |
| কন্ডিশনাল অপারেটর | ? : |

**84. রবিনের বর্তমান বয়স $(19)_{10}$। কত বছর পর তার বয়স $(100110)_2$ হবে?** *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.$(10010)_2$ B.$(10011)_2$✓
C. $(100110)_2$ D.$(10011)_2$

**ব্যাখ্যা:** রবিনের বর্তমান বয়স= $(19)_{10}$
রবিনের বর্তমান বয়স বাইনারিতে রূপান্তর;

2 | 19
2 | 9-1
2 | 4-1
2 | 2-0
2 | 1-0
  0-1

$=(10011)_2$

এখন,

  100100
 -10011
  10011

সুতরাং $(10011)_2$ বছর পর তার বয়স $(100110)_2$ হবে।

**85. C প্রোগ্রামিংয়ে কোনটি ভুল ডাটা টাইপ?**

A.short int B.long double
C. signed float✓ D.signed char

**ব্যাখ্যা:** **ডেটা টাইপ মডিফায়ার (Modifier):**
ফ্লোট (Float) ছাড়া অন্যান্য মৌলিক বা প্রাথমিক ডেটা টাইপের সাথে আবার signed, unsigned, sort, long ইত্যাদি যোগ করে ডেটার ব্যাপিত্ বা পরিসর (Range) এবং সংরক্ষণের জন্য মেমরি পরিমাণ বাড়ান বা কমান যায় বলে এদের কে ডেটা টাইপ মডিফায়ার (Modifier) বলা হয়।

*** short * unsigned * signed *long**

- সাধারণত signed ও unsigned মডিফায়ার char ও int টাইপ ডেটার জন্য এবং long ও short মডিফায়ার int ও টাইপ double ডেটার জন্য ব্যবহৃত হয়, যেমন, signed char, unsigned char, signed int, short int, long int ইত্যাদি।



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

86. কোন ডিজিটাল সার্কিটের ইনপুট এবং আউটপুট সংখ্যা সমান? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.হাফ এডার✓ B.ফুল এডার
C. এনকোডার D.কাউন্টার

**ব্যাখ্যাঃ** ডিজিটাল ইলেক্ট্রনিক্সে যে সমবায় সার্কিট দ্বারা যোগ করা যায় তাকে বলে অ্যাডার। দুই ধরনের অ্যাডার আছে। যথা-
১। হাফ-অ্যাডার: যে অ্যাডার দুটো বিট যোগ করে যোগফল (Sum) ও হাতে থাকা সংখ্যা বা ক্যারি (Carry) বের করতে পারে তাকে হাফ অ্যাডার বলে।
২। ফুল-অ্যাডার: ফুল-অ্যাডার হলো এমন একটি সমবায় সার্কিট যা একটি ক্যারি ও দুটি সংখ্যা বিটসহ মোট তিনটি বিট যোগ করে যোগফল ও হাতে থাকা সংখ্যা বা ক্যারি বের করতে পারে।

87. কোন পদ্ধতিটি ডাটাবেজ থেকে ডাটা খুঁজে বের করতে ব্যবহার করা হয়?

A.সর্টিং B.সিলেক্টিং✓ C. জয়েনিং D.ইনডেক্সিং

**ব্যাখ্যাঃ**
সিলেক্ট কুয়েরি (Select Query): টেবিলের ফিল্ড ও রেকর্ড সিলেক্ট করে যে কুয়েরি করা হয় তাকে সিলেক্টিং / সিলেক্ট কুয়েরি বলে। যেমন: Select customer-name from deposite
সর্টিং (Sorting): অ্যারো বা রেকর্ড থেকে কোন ফিল্ডের ভিত্তিতে ডেটাকে মানের ক্রমানুসারে সাজানোকে সর্টিং বলে। ডেটাকে সহজেই এবং কম সময়ের মধ্যে খুঁজে বের করার জন্য সর্টিং করা হয়। দুই বা ততোধিক ফাইলকে মার্জ (একত্রীকরণ) করার জন্যও ফাইলসমূহ সর্ট করতে হয়।
ইনডেক্সিং(Indexing): ডেটাবেসের ডেটাসমূহকে লজিক্যালি কোনো নির্দিষ্ট অর্ডারে এমনভাবে সাজানো হয় যাতে প্রয়োজনে সহজেই ডেটাসমূহকে খুঁজে বের করা যায়। ডেটাবেসের এরূপ লজিক্যাল গঠনকেই ইনডেক্স বলে।

88. কোনটি উপগ্রহে ডাটা প্রেরণের সাথে সম্পর্কিত? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.Downlink B.Modulate
C. Demodulate D.Uplink ✓

**ব্যাখ্যাঃ** উপগ্রহে ডাটা প্রেরণের সাথে সম্পর্কিত- Uplink

89. কোন পদ্ধতিতে আঙুলের ছাপ ব্যবহার করে অপরাধী নির্ণয় করা যায়? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. জেনেটিক ইঞ্জিনিয়ারিং B.বায়োমেট্রিক্স✓
C. ন্যানো টেকনোলজি D.আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স

**ব্যাখ্যাঃ** বায়োমেট্রিক্স হচ্ছে এক ধরনের কৌশল বা প্রযুক্তি যার মাধ্যমে মানুষের শারীরিক কাঠামো, আচার, আচরণ বৈশিষ্ট্য, গুণাগুন, ব্যক্তিত্ব প্রভৃতি দ্বারা নির্দিষ্ট ব্যক্তিকে চিহ্নিত বা শনাক্ত করা যায়। অদ্বিতীয় ভাবে একজন ব্যক্তি শনাক্ত করার জন্য ব্যবহৃত হয়, মুখ, আইরিস, শিরা,রেটিনা, কণ্ঠস্বর, সিগনেচার ইত্যাদি।

90. কোন নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং সবেচেয়ে বেশি ক্যাবল দরকার হয়? *[সংক্ষিপ্ত সিলেবাস]*


A.বাস টপোলজি B.রিং টপোলজি
C. স্টার টপোলজি D. মেশ টপোলজি✓

**ব্যাখ্যাঃ** ১. বাস টপোলজি: যে টপোলজিতে একটি সংযোগ লাইনের সাথে সবগুলো কম্পিউটার (নোড)যুক্ত থাকে তাকে বাস টপোলোজি বলে।
২. স্টার টপোলজি: যে টপোলজিতে প্রত্যেকটি কম্পিউটার একটি কেন্দ্রিয় ডিভাইসের সাথে সংযুক্ত থাকে তাকে স্টার টপোলজি বলে। এক্ষেত্রে কেন্দ্রীয় একটি ডিভাইস থাকে যার নাম হাব (HUB), এর সাথে অন্যান্য কম্পিউটারগুলো সংযুক্ত থাকে। বর্তমানে হাবের পরিবর্তে সুইচ (Switch)ও ব্যবহার করা হয়।
৩. রিং টপোলজি: যে টপোলজিতে কম্পিউটারগুলো বৃত্তাকারে পরস্পরের সাথে সংযুক্ত হয়ে নেটওয়ার্ক গড়ে তোলে তাকে রিং টপোলজি বলে। এক্ষেত্রে কোন নোড সংকেত পাঠালে পরবর্তী নোডের দিকে ধাবিত হয়। এক্ষেত্রে কম্পিউটারগুলো বৃত্তাকার পথে সংযুক্ত থাকে।
৪. হাইব্রিড টপোলজি: দুই বা ততোধিক টপোলজির সমন্বয়ে যে টপোলজি তৈরি হয় তাকে হাইব্রিড টপোলজি বলে। হাইব্রিড টপোলজি সাধারনত স্টার, রিং ও বাস টপোলজির সমন্বয়ে গঠিত।

91. https://- এর s কী নির্দেশ করে? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.server B.service
C. security✓ D.save

**ব্যাখ্যাঃ** নিচে একটি ইউআরএল (URL) এর বর্ণনা দেয়া হলোঃ




92. C ভাষায় লেখা প্রোগ্রাম কিসের সাহায্যে মেশিন কোডে রূপান্তরিত হয়?

A.এডিটর B.কম্পাইলার✓ C. ডাটাবেস D.ডিকশনারি

**ব্যাখ্যাঃ** যে প্রোগ্রামের মাধ্যমে উৎস প্রোগ্রামকে যন্ত্রভাষায় অনুবাদ করে বস্তু প্রোগ্রাম এ পরিণত করে তাকে অনুবাদক প্রোগ্রাম বলে। তিন ধরনের অনুবাদক প্রোগ্রাম রয়েছে। যথা:
১. কম্পাইলার: উচ্চস্তরের ভাষায় লেখা উৎস প্রোগ্রামকে বস্তু প্রোগ্রামে রূপান্তর করা প্রোগ্রামকে কম্পাইলার বলা হয়।
২. ইন্টারপ্রেটার: যে অনুবাদক প্রোগ্রাম হাই লেভেল ল্যাংগুয়েজ লিখিত প্রোগ্রামের সোর্স কোডকে এক লাইন এক লাইন করে মেশিন ভাষায় অনুবাদ করে, কোন ভূল থাকলে তা সংশোধন করে পরবর্তী লাইনে কাজ করে তাকে ইন্টারপ্রেটার বলে।
৩. অ্যাসেম্বলার: অ্যাসেম্বলিক ভাষায় লিখিত প্রোগ্রামকে মেশিন ভাষায় অনুবাদ করার জন্য অ্যাসেম্বলার ব্যবহার করা হয়।

93. একটি গবেষণাগারে সংযুক্ত কম্পিউটারগুলো কোন নেটওয়ার্কের অন্তর্ভুক্ত? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.LAN✓ B.MAN C. WAN D.PAN

**ব্যাখ্যাঃ** বিভিন্ন নেটওয়ার্ক এর মধ্যে তুলনাঃ

| বিষয়বস্তু | পূর্ণনাম | গতি | নেটওয়ার্কের আকার | মাধ্যম |
|---|---|---|---|---|
| PAN | Personal Area Network | গতি খুবই কম | খুব ছোট (১০ মিটার) | ব্লুটুথ,USB |
| LAN | Local Area Network | দ্রুত (১০-১০০০ Mbps) | ছোট (২৫০০ মিটার) | টুইস্টেড পেয়ার ক্যাবল |
| CAN | Campus Area Network | দ্রুত (১০-১০০০ Mbps) | ছোট (২৫০০ মিটার) | টুইস্টেড পেয়ার ক্যাবল |
| MAN | Metropolitan Area Network | দ্রুত (১০০ Mbps) | বড় (২০০ কি.মি) | টুইস্টেড পেয়ার ও ফাইবার অপটিক ক্যাবল |
| WAN | Wide Area Network | সবচেয়ে কম গতি (১.৫ Mbps) | সবচেয়ে বড় (বিশ্বব্যাপী) | ফাইবার অপটিক ক্যাবল, স্যাটেলাইট রেডিও ওয়েভ |

94. gmail.com কী নির্দেশ করে? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.সার্চ ইঞ্জিন B. ই-মেইল এড্রেস
C. মেইল সার্ভার✓ D.প্রটোকল


শিক্ষার মুরব্বিক পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যাঃ **ই-মেইল(Email):** ই-মেইল এর পূর্ণরূপ হলো ইলেকট্রনিক মেইল। ইন্টারনেটের মাধ্যমে বিভিন্ন ডিজিটাল ডিভাইস (কম্পিউটার, মোবাইল প্রভৃতি) এর মধ্যে ডিজিটাল তথ্য আদান-প্রদান ব্যবস্থাকে ই-মেইল বলে।

**ই-মেইল পাঠানোর প্রক্রিয়া:**

১. প্রেরক মেসেজ তৈরি করে → ২. লোকাল কম্পিউটার মেসেজকে লোকাল পোস্ট অফিস সার্ভারে প্রেরণ করে→ ৩.পোস্ট অফিস সার্ভার মেসেজকে ইন্টারনেটের মাধ্যমে পাঠায়→ ৪.রেসিপেন্ট সার্ভার মেসেজকে গ্রহণ করে.. → ৫.মেসেজ পাস করে রেসিপেন্ট (গ্রহণকারী) কম্পিউটারে পাঠায়।

**95.** কোনটি ক্লাউড স্টোরেজ নয়? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.ওয়ান ড্রাইভ B. গুগলড্রাইভ
C. হার্ড ড্রাইভ✓ D.ড্রপবক্স

ব্যাখ্যাঃ **ক্লাউড স্টোরেজ:** মূলত ক্লাউড স্টোরেজ হলো আপনার ফোন, কম্পিউটার বা নিজের ডিস্ক বা মেমোরিতে না রেখে কোন ফাইল অনলাইন স্টোরেজে সংরক্ষণ করার সিস্টেম। ডিজিটালাইজেশনের এই যুগে সকল হার্ডডিস্ক একখন সফট ডিস্ক হওয়ার দিকে। মূলত ক্লাউড স্টোরেজ এক ধরনের সার্ভার যেখানে আপনার ডাটা সংরক্ষন করে রাখা যায়।

**সেরা কিছু ক্লাউড স্টোরেজ সার্ভিস:**

- (pCloud)পি ক্লাউড
- (Mega)মেগা
- (OneDrive)ওয়ান ড্রাইভ
- (Google Drive)গুগল ড্রাইভ
- (DropBox)ড্রপবক্স
- (Box)বক্স

**96.** কোন ডিভাইসটি 'ফুলডুপ্লেক্স' মোডে কাজ করে? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A. মোবাইল ফোন✓ B.ওয়াকিটকি
C. রেডিও ব্রডকাস্টিং যন্ত্রাংশ D. সবগুলো

ব্যাখ্যাঃ সিমপ্লেক্স, হাফ-ডুপ্লেক্স, ফুল-ডুপ্লেক্স মোডসমূহের মধ্যে তুলনাঃ

| পার্থক্যের বিষয় | সিমপ্লেক্স | হাফ-ডুপ্লেক্স | ফুল-ডুপ্লেক্স |
|---|---|---|---|
| সংজ্ঞা | একপ্রান্ত কেবল ডেটা প্রেরণ করে এবং অপরপ্রান্ত ক্যাবল ডেটা গ্রহণ করে। | কোনপ্রান্ত একই সময়ে ক্যাবল ডেটা গ্রহণ কিংবা প্রেরণ করতে পারে, কিন্তু গ্রহণ এবং প্রেরণ একই সময়ে একসাথে করতে পারে না। | এ পদ্ধতিতে ডেটা স্থানান্তরের ক্ষেত্রে উভয় দিক থেকে একই সময়ে ডেটা প্রেরণ ও গ্রহণ করা যায়। |
| ডেটা প্রবাহ | ডেটার কেবলমাত্র একমুখী প্রবাহ সম্ভব। | ডেটার উভয়মুখী প্রবাহ সম্ভব হলেও তা একই সময়ে সম্ভব নয়। | যে কোনো সময় ডেটার যে কোনোমুখী প্রবাহ সম্ভব। |
| ব্যবহার | কতিপয় বিশেষায়িত ক্ষেত্রে ব্যবহার হয়। | ব্যবহার তুলনামূলক জটিল। | ব্যবহার তুলনামূলক সহজ। |
| উদাহরণ | টেলিভিশন, রেডিও, পিএবিএক্স, কীবোর্ড | ওয়াকিটকি, ওয়েব-ব্রাউজার ইত্যাদি। | টেলিফোন, মোবাইল ইত্যাদি। |

**97.** $Y = (\bar{A} + B)(\bar{A} + \bar{B})$ এর সরলীকৃত মান কত *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.$(\bar{A}\bar{B} + B)$ B.$\bar{A}$✓ C. $\bar{B}$ D.$A$

ব্যাখ্যাঃ

$= (\bar{A}+B)(\bar{A}+\bar{B})$

$= \bar{A}.\bar{A}+\bar{A}.\bar{B}+B.\bar{A}+B.\bar{B}$

$= \bar{A}+\bar{A}.\bar{B}+B.\bar{A}+0$

$= \bar{A}(1+\bar{B}+B)$

$= \bar{A}(1+\bar{B})$

$= \bar{A}.1$

$= \bar{A}$

**98.** কোন কমান্ডটি একটি টেবিল থেকে সব ডাটা নেয়ার জন্য ব্যবহৃত হয়?

A.SELECT ALL B.SELECT ALL*
C. SELECT*✓ D.SLECT**

ব্যাখ্যাঃ **ডেটা পুনরুদ্ধার বা রিট্রাইভ করতে SQL:**
ডেটা রিট্রাইভাল অর্থাৎ ডেটাবেজের টেবিল থেকে ডেটা প্রদর্শন করার জন্য ডেটা কুয়েরি ল্যাংগুয়েজ (Data Query Language-DLQ) হিসেবে SQL এর ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ। ডেটা কুয়েরি ল্যাংগুয়েজের সাহায্যে ডেটাবেজ থেকে প্রয়োজনীয় ডেটা কুয়েরি করে ব্যবহার করা হয়। SQL এ একমাত্র Select স্টেটমেন্টের সাহায্যে ডেটা রিট্রাইভ করা হয়।
সুতরাং, Select* এই কমান্ডটি একটি টেবিল থেকে সব ডাটা নেওয়ার জন্য ব্যবহার হয়।

**99.** ওয়েব এড্রেস -এ .ac ডোমেইন কোন ধরনের প্রতিষ্ঠান কে নির্দেশ করে? *[সংক্ষিপ্ত সিলেবাস]*

A.একাউন্টিং প্রতিষ্ঠান B.এয়ারক্র্যাফট প্রতিষ্ঠান
C. আর্মিকোর প্রতিষ্ঠান D.শিক্ষা প্রতিষ্ঠান✓

ব্যাখ্যাঃ বর্তমানে প্রচলিত কয়েকটি জনপ্রিয় জেনেরিক ডোমেইন হলোঃ com, net, edu, gov, int, mil এবং org। নিম্নে এদের বৈশিষ্ট্য দেওয়া হলো-

| ডোমেইন | ডোমেইন প্রকৃতি | উদাহরণ |
|---|---|---|
| .net | নেটওয়ার্ক সার্ভিস (Network Service) | internic.net, bangla.net |
| .com | বাণিজ্যিক প্রতিষ্ঠান (Commercial Organization) | microsoft.com. oracle.com |
| .edu | শিক্ষা প্রতিষ্ঠান (Educational institute) | thepub.edu, uap.edu, buet.edu |
| .gov | যুক্তরাষ্ট্রের রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বা সরকার (Government) | whitehouse.gov |
| .int | আন্তর্জাতিক প্রতিষ্ঠান (International organization) | un.int, undp.int |
| .mil | যুক্তরাষ্ট্র প্রতিরক্ষা ব্যবস্থা (US armed forces) | usarmy.mil, usnavy.mil |
| .org | অলাভজনক প্রতিষ্ঠান (Nonprofit organization) | bccbd.org, bctc.org |



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার


100. ভিডিও কনফারেন্সিং-এ ব্যবহৃত ডাটা ট্রান্সমিশন মোড হলো

*[সংক্ষিপ্ত সিলেবাস]*


A. মাল্টিকাস্ট✓
B. ব্রডকাস্ট
C. সিমপ্লেক্স
D. ইউনিকাস্ট

**ব্যাখ্যাঃ**


**ইউনিকাস্ট(Unicast)ঃ** যে ট্রান্সমিশন পদ্ধতিতে একজন প্রেরক থেকে একজন প্রাপকের মধ্যে ডেটা আদান-প্রদান হয়ে থাকে; তাকে ইউনিকাস্ট ট্রান্সমিশন মোড বলা হয়। যেমন: মোবাইল, টেলিফোন, সিঙ্গেল এসএমএস, ফ্যাক্স পেজার ইত্যাদি।




**ব্রডকাস্ট(Broadcast)ঃ** যে ট্রান্সমিশন ব্যবস্থায় নেটওয়ার্কভূক্ত কোনো প্রেরক কম্পিউটার (বা নোড) হতে ডেটা ট্রান্সমিট হলে ওই নেটওয়ার্কভূক্ত সকল নোডই (প্রাপক) তা গ্রহণ করতে পারে তাকে ব্রডকাস্ট ট্রান্সমিশন বলে। ব্রডকাস্ট ট্রান্সমিশন শুধুমাত্র সিমপ্লেক্স হয়ে থাকে। যেমন: PAB সিস্টেম, রেডিও, টিভি ইত্যাদি।




**মাল্টিকাস্ট(Multicast)ঃ** যে ডেটা কমিউনিকেশনে ব্রডকাস্টের মাধ্যমে গ্রুপভুক্ত সকল নোডকে ডেটা প্রেরণ করা যায়, কিন্তু যদি এমন ব্যবস্থা করা যায় যে ডেটা গ্রুপভুক্ত সকল কম্পিউটারে ডেলিভারি না হয়ে শুধুমাত্র যাদের ডেটার প্রয়োজন রয়েছে তাদের কাছে ট্রান্সমিট হলে সেক্ষেত্রে এটি হবে মাল্টিকাস্ট। যেমন: অডিও ও ভিডিও কনফারেন্সিং এবং গ্রুপ এসএমএস।





চিত্র: মাল্টিকাস্ট সিস্টেম

লাইব্রেরিতে পাওয়া যাচ্ছে

ঢাবি, জাবি, রাবি, চবি, GST গুচ্ছ, সমন্বিত কৃষি, ইঞ্জিনিয়ারিং গুচ্ছ সহ সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য রচিত

বিজয় শর্ট সিলেবাস

মডেল টেস্ট




বিষয় ভিত্তিক প্রায় ৫ হাজার এক্সক্লুসিভ MCQ



•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার